গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৯৮ তারিখ : ০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

(মোঃ শাহরিয়ার হোসেন)
সদস্য সচিব
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব.........................................................
.................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উকৃঅ/নাগ/কুড়ি/২০২৫/৯৮ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
( মোঃ শাহরিয়ার হোসেন)
সদস্য সচিব
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ০৯ মার্চ ২০২৫ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ টা

স্থান ঃ উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৩ | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৫ | মোঃ শাহরিয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।
সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনায় উপজেলা কৃষি অফিসার অর্থ সংক্রান্ত কোন বিষয় না থাকায় পরবর্তী বিষয়ে আলোচনার অনুরোধ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, নিয়মিত বাজার মুল্য পর্যবেক্ষণ করা হচ্ছে। বাজারে মুল্য নিয়ন্ত্রণে বাধ্যতামুলক মুল্যতালিকা প্রদর্শনের জন্য ইজারাদারগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বাজার নিয়ন্ত্রণে আমাদের অফিস উপজেলা প্রশাসনের সাথে সর্বদা তৎপর রয়েছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি জানান যে, মৌসুমী হিমায়িত সবজির আড়তদারদের কারণে বিভিন্ন সময়ে আলুসহ অন্যান্য হিমায়িত সবজির দাম বৃদ্ধি পায়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম